### অনুপ্রবেশকারীদের কাছে ভোটার, আধার

# কারা দিয়েছে খোঁজা হচ্ছে: রাহুল সিনহা

**আজকালের প্রতিবেদন**

বাংলাদেশ থেকে আসা অনুপ্রবেশকারীদের ভোটার ও আধার কার্ড যারা দিচ্ছে বা দিয়েছে, তাদের চিহ্নিতকরণের কাজ শুরু হয়েছে। মঙ্গলবার একথা জানালেন বিজেপির রাজ্যসভার সাংসদ ও প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা। এদিন তিনি বিজেপির কার্যালয়ে একটি সাংবাদিক সম্মেলন করেন। বলেন, 'নাগরিকত্ব বিক্রি হয়েছে। আধার কার্ড বিক্রি হয়েছে। বিভিন্ন জায়গা থেকে আধার কার্ড পাওয়া যাচ্ছে।' তাঁর অভিযোগ, অনেক ক্ষেত্রে যাঁরা এ দেশের নাগরিক তাঁরা আধার পাচ্ছেন না, দেরি হচ্ছে। অথচ যাঁরা বাংলাদেশ থেকে এসেছেন, তাঁদের কাছে আধার, ভোটার কার্ড পৌঁছে যাচ্ছে। তাঁর প্রশ্ন, কারা পৌঁছে দিচ্ছে এই আধার কার্ড, ভোটার কার্ড? তাদের এবার চিহ্নিত করণের কাজ শুরু হয়েছে। রাহুল সিনহা জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগেই বলেছিলেন অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে। সম্প্রতি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীও ঘোষণা করেছেন, অনুপ্রবেশকারীদের চিহ্নিত করার জন্য একটি 'হাই পাওয়ার কমিটি' তৈরি হচ্ছে। তারা সারা দেশে কাজ করবে।



সাংবাদিক বৈঠকে সাংসদ রাহুল সিনহা

তৃণমূলের বিভিন্ন পদাধিকারীদের ইস্তফা দেওয়া প্রসঙ্গে এদিন তিনি জানান, যেদিকে টাকা দেখেন সেদিকেই ওঁরা যান। ওঁরা এখন বুঝতে পারছেন, নতুন সরকারের আমলে সেই বেআইনি রোজগারের সুযোগ নেই। তাই ইস্তফা দিচ্ছেন। তৃণমূলকে 'প্রাইভেট লিমিটেড কোম্পানি' বলেও মন্তব্য করেন তিনি। পাশাপাশি বলেন, ' আগেই বলেছিলাম, যেদিন তৃণমূল কংগ্রেস ক্ষমতায় থাকবে না। সেদিন দলের পাশে কেউ থাকবে না।'

অন্যদিকে, মঙ্গলবার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর কল্যাণীর প্রশাসনিক বৈঠক সৌজন্যের দৃষ্টান্ত স্থাপন করেছে বলে মনে করেন তিনি। পাশাপাশি তৃণমূল সুপ্রিমো মমতা ব্যানার্জির বিরুদ্ধে এফআইআর–এর বিষয়ে বলেন, 'অন্য কোনও দল ক্ষমতায় থাকলে এতক্ষণে উনি গ্রেপ্তার হয়ে যেতেন। বিজেপি হঠকারিতা করবে না। আইন মেনে কাজ করবে।'

## ভুয়ো পরিচয়পত্র নিয়ে মহাকরণে, ধৃত

**ভুয়ো সরকারি পরিচয়পত্র বানিয়ে মহাকরণে ঢুকে ধরা পড়ল এক ব্যক্তি। নাম দুর্গাদাস চক্রবর্তী। হেয়ার স্ট্রিট থানার পুলিশ তাকে ধরেছে। বাড়ি হুগলিতে। আদালতে তোলা হলে সরকারি কৌঁসুলি বলেন, গলায় ভুয়ো সরকারি পরিচয়পত্র ঝুলিয়ে মহাকরণে ঢুকেছিল। কেন সে ভুয়ো পরিচয়পত্র নিয়ে সরকারি ভবনে এসেছিল, তা দেখছে পুলিশ। ১ জুন পর্যন্ত পুলিশ হেফাজতের নির্দেশ আদালতের।**




বিজেপির যাদবপুর সাংগঠনিক জেলার সদস্যদের নিয়ে কোর কমিটির বৈঠক। রয়েছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিধায়ক রূপা গাঙ্গুলি–সহ অন্যরা। বুধবার। ছবি: আজকাল

# কলকাতা-সহ কিছু জেলায় স্বস্তির বৃষ্টি, পূর্ব মেদিনীপুরে বাজে মৃত ২

**আজকালের প্রতিবেদন**

অসহনীয় গরম থেকে স্বস্তি দিল সন্ধের বৃষ্টি। বুধবার কলকাতা–সহ দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় বৃষ্টি হয়। পূর্ব মেদিনীপুরের কাঁথিতে বজ্রপাতে মৃত্যু হল দুই যুবকের। আবহাওয়া দপ্তর জানিয়েছে, আজ বৃহস্পতিবারে দক্ষিণবঙ্গের দুই মেদিনীপুর, বাঁকুড়া এবং ঝাড়গ্রামে বিক্ষিপ্ত ঝড়বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

গত কয়েকদিনের মতো এদিনও দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ছিল অস্বস্তিকর গরম। বিকেলের পর পুরুলিয়া, বাঁকুড়া এবং দুই মেদিনীপুরের বিভিন্ন জেলায় স্বস্তির ঝড়বৃষ্টি হয়। রাতে বৃষ্টি হয় কলকাতা–সহ সংলগ্ন অঞ্চলে। এদিন বিকেলে কাঁথির জুনপুটে তেখালি এলাকায় দুর্যোগপূর্ণ আবহাওয়ার মধ্যে একটি মন্দিরের বারান্দায় বসে মোবাইলে গেম খেলছিলেন কাদুয়া মুকুন্দপুর গ্রামের দুই যুবক বিশ্বজিৎ জানা ও দীপঙ্কর দাস। আচমকা বজ্রপাত হলে তাঁরা দু'জনেই জ্ঞান হারিয়ে লুটিয়ে পড়েন। স্থানীয়রা তাঁদের উদ্ধার করে কাঁথি মহকুমা হাসপাতালে নিয়ে যান। কর্তব্যরত চিকিৎসকরা তাঁদের মৃত বলে ঘোষণা করেন।

এদিন দক্ষিণবঙ্গের বেশির ভাগ জেলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ থেকে ২৯ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে। সর্বোচ্চ ৩৪ থেকে ৩৯ ডিগ্রির মধ্যে। কৃষ্ণনগর, মালদা, বহরমপুরে বৃষ্টির কারণে এদিন সর্বোচ্চ তাপমাত্রা ছিল বেশ কম। আবহাওয়া দপ্তর জানিয়েছে, ঝড়বৃষ্টির কারণে বৃহস্পতিবার থেকে শনিবারে গাঙ্গেয় দক্ষিণবঙ্গে সর্বোচ্চ তাপমাত্রা গড়ে ২ থেকে ৪ ডিগ্রি কমতে পারে। স্বাভাবিক ভাবেই কিছুটা স্বস্তি ফিরবে।

## হাইকোর্টে পরমব্রত

**এফআইআর খারিজের আবেদন নিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেন অভিনেতা পরমব্রত চট্টোপাধ্যায়। তিনি গড়িয়াহাট থানায় দায়ের হওয়া এফআইআর খারিজের আবেদন করেছেন। আগামী ২৯ মে এই আবেদনের শুনানি হবে। ২০২১ সালের ভোটের ফল ঘোষণার পর সমাজমাধ্যমে করা একটি পোস্টকে কেন্দ্র করে সম্প্রতি গড়িয়াহাট থানায় দায়ের হয় অভিযোগ। পরমব্রত চট্টোপাধ্যায় এবং স্বস্তিকা মুখার্জির বিরুদ্ধে দায়ের হয় এই অভিযোগ।**

# অধ্যক্ষের ঘরের সামনে বসে পড়লেন শোভনদেব, কুণাল

**আজকালের প্রতিবেদন**

বিরোধী দলনেতা শোভনদেব চট্টোপাধ্যায়ের সঙ্গে দেখা করলেন না বিধানসভার অধ্যক্ষ রথীন্দ্র বসু। বুধবার অধ্যক্ষের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন বিরোধী দলনেতা। সঙ্গে ছিলেন বিধায়ক কুণাল ঘোষ। বিধানসভার বিরোধী দলনেতার ঘর না পাওয়ার বিষয়টি নিয়ে তাঁরা কথা বলতে গিয়েছিলেন। দু'ঘণ্টা অপেক্ষা করে দেখা না পেয়ে অধ্যক্ষের ঘরের সামনে তাঁরা বসে পড়েন। নিরাপত্তারক্ষীকে তাঁরা বলেন, ভিতরে গিয়ে অধ্যক্ষকে জানানো হোক যে, তাঁরা কথা বলতে চান। নিরাপত্তারক্ষী ভিতর থেকে ফিরে জানান, এদিন দেখা করা সম্ভব নয়। পরে শোভনদেব চট্টোপাধ্যায় জানান, 'অধ্যক্ষ অসৌজন্যমূলক আচরণ করেছেন। অতীতে বিধানসভার অনেক অধ্যক্ষকে দেখেছি। কেউ কোনও দিন এরকম আচরণ করেননি।' কুণাল ঘোষ বলেন, 'ওঁরা সৌজন্যের কথা বলেন। কোথায় সৌজন্য দেখালেন? ১০ বারের একজন বিধায়কের সঙ্গে এরকম আচরণ করা হল। কথা বলার সময় দিলেন না উনি! আমরা ঘর না পাওয়ায় পরিষদীয় দল নিয়ে বৈঠক করতে পারছি না।'

# কালীঘাটের সেই ওসি নবান্নে

**আজকালের প্রতিবেদন**

কালীঘাট থানার তৎকালীন সেই ওসিকে নবান্নে মুখ্যমন্ত্রীর দপ্তরে বদলি করা হল। কিছুদিন আগে নির্বাচন চলাকালীন থানার ওসির চেয়ারে বসে গৌতম দাস একটি স্বয়ংক্রিয় রাইফেল হাতে নিয়ে সমাজমাধ্যমে পোস্ট দিয়েছিলেন। তার নীচে লেখা ছিল 'রেডি ফর দি নিউ অ্যাসাইনমেন্ট'। এই ছবি নিয়ে তীব্র প্রতিবাদ জানিয়েছিল তৃণমূল। দলের তরফে জয়প্রকাশ মজুমদার কলকাতা পুলিশের নগরপাল এবং নির্বাচন কমিশনকে চিঠি লিখেছিলেন। কোনও ইনস্পেক্টর চেয়ারে বসে এই ধরনের ভীতিকর ছবি দিতে পারেন কি না, তা নিয়েও প্রশ্ন তুলেছিলেন। নির্বাচন কমিশন তাঁকে দায়িত্ব থেকে সরিয়ে দিয়েছিলেন। জানা গেছে, ওই পুলিশ আধিকারিককে মুখ্যমন্ত্রীর দপ্তরে ডেপুটেশনে পাঠানো হয়েছে। সরকারি নির্দেশিকায় বলা হয়েছে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তিনি মুখ্যমন্ত্রীর দপ্তরে কাজ করবেন। কলকাতা পুলিশ কমিশনারকে বলা হয়েছে, তাঁকে এখনকার পদ থেকে অব্যাহতি দিতে হবে। নির্দেশিকায় বলা হয়েছে, ডেপুটেশনে গেলেও তাঁর সিনিয়রিটি, পদোন্নতি এবং কেরিয়ার অ্যাডভান্সমেন্ট অক্ষুণ্ণ থাকবে।

# স্কুলে এসআইদের প্রশাসক হিসেবে নিয়োগের নির্দেশ

**আজকালের প্রতিবেদন**

রাজ্যের প্রতিটি সরকার–পোষিত স্কুলে অ্যাডমিনিস্ট্রেটর বা প্রশাসক নিয়োগের নির্দেশ দিল স্কুলশিক্ষা দপ্তর। এসআইদের স্কুলে প্রশাসক হিসেবে নিয়োগ করতে বলা হয়েছে। বুধবার দপ্তরের পক্ষ থেকে এ নিয়ে নির্দেশিকা জারি করা হয়েছে। রাজ্য সরকারের পক্ষ থেকে ইতিমধ্যেই এই স্কুলগুলির পরিচালন সমিতি ভেঙে দেওয়া হয়েছে। কাজ চালানোর জন্য নিয়োগ করা হয়েছিল ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিং অফিসার বা ডিডিও। এবারে ডিডিও–র পরিবর্তে প্রশাসক নিয়োগের নির্দেশ দেওয়া হয়েছে। স্কুলগুলির পক্ষ থেকে এই সিদ্ধান্তকে স্বাগত জানানো হয়েছে। কারণ ডিডিওর কাজের বেশ কিছু সীমাবদ্ধতা ছিল। ডিডিওদের ক্ষমতাও ছিল সীমিত। তাঁরা আর্থিক লেনদেন সংক্রান্ত কাজ ছাড়া প্রশাসনিক কোনও কাজ করতে পারতেন না। কোনও শিক্ষক বা শিক্ষিকার ছুটি মঞ্জুরের ক্ষমতাও তাঁদের ছিল না। কিন্তু একজন প্রশাসক, পরিচালন সমিতি যেভাবে কাজ করে বা সমিতির সভাপতির যাবতীয় কাজই করতে পারবে। একজন স্কুল ইনস্পেক্টর বা এসআই–এর অধীনে অনেক স্কুল থাকে। ফলে এই নির্দেশ অনুযায়ী একজন এসআই সেক্ষেত্রে একাধিক স্কুলের প্রশাসকের দায়িত্ব পালন করবেন।

# বাগুইআটিতে রক্তদান শিবির

**আজকালের প্রতিবেদন**

বাগুইআটিতে রক্তদান শিবির ও সান্ধ্য সাংস্কৃতিক অনুষ্ঠান। ২২১ জন রক্ত দিলেন শিবিরে। বাগুইআটি স্পোর্টস কাউন্সিলের উদ্যোগে এই শিবির হয়। সহযোগিতায় নেতাজি যুবক সঙ্ঘ। এনআরএস মেডিক্যাল কলেজ ব্লাড ব্যাঙ্ক, ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অফ ব্লাড ক্যান্সার অ্যান্ড অ্যালায়েড ডিজিজ এবং লাইফ কেয়ার ব্লাড ব্যাঙ্কের তরফে দাতাদের রক্ত সংগ্রহ করা হয়। শিবিরে ছিলেন মেডিক্যাল ব্যাঙ্কের সম্পাদক, সমাজকর্মী ডি আশিস। বাগুইআটি স্পোর্টস কাউন্সিলের কর্মকর্তারা জানিয়েছেন, বিগত বছরগুলির তুলনায় এবার রক্তদাতার সংখ্যা বেড়েছে। মহিলাদের মধ্যে উৎসাহ বাড়ছে। পাশাপাশি, ওই দিনই ক্লাব প্রাঙ্গণে রবীন্দ্র–নজরুল সন্ধ্যার আয়োজন করা হয়। অনুষ্ঠানে অংশ নেন ইন্দ্রাণী সেন, অগ্নিভ বন্দ্যোপাধ্যায়, চন্দ্রাবলী রুদ্র দত্ত, সতীনাথ মুখোপাধ্যায় প্রমুখ।


**খসড়া বিজ্ঞপ্তি**

সিটি সিভিল কোর্ট, কলকাতা

মহামান্য ৫ম বিচারকের এজলাস সমীপে

মানি স্যুট নং ২১৮৩/২০২২

আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬–এর সংস্থানাধীনে গঠিত একটি বডি কর্পোরেট যার রেজিস্টার্ড অফিসের ঠিকানা: 'ল্যান্ডমার্ক', রেস কোর্স সার্কল, বদোদরা–৩৯০০০৭ এবং সিটি অফিসের ঠিকানা: ৩১, চৌরঙ্গি রোড, থানা– পার্ক স্ট্রিট, কলকাতা–৭০০০১৬ .....বাদী

– বনাম –

শেখ মোহন, নিবাস: কৈখালি মণ্ডল গাঁঠি, গাজিপাড়া, রাজারহাট, গোপালপুর এম এয়ারপোর্ট, জামা মসজিদ, কলকাতা–৭০০০৫২ ..... বিবাদী

প্রতি,

শেখ মোহন, নিবাস: কৈখালি মণ্ডল গাঁঠি, গাজিপাড়া, রাজারহাট, গোপালপুর এম এয়ারপোর্ট, জামা মসজিদ, কলকাতা–৭০০০৫২

যেহেতু উপরিনামিত বাদী আপনার বিরুদ্ধে মহামান্য এই আদালত সমীপে ২৯.০৯.২০২২ তারিখে উপরোক্ত মানি স্যুট দায়ের করেছেন। এর জবাব দিতে এতদ্দ্বারা আপনাকে আগামী ১৩.০৮.২০২৬ তারিখ সকাল ১০টা ৩০ মিনিটে এই আদালত সমীপে ব্যক্তিগতরূপে বা অ্যাডভোকেটের মাধ্যমে উপস্থিত হয়ে উক্ত মানি স্যুটের জবাবদিহির জন্য সমন জারি করা হচ্ছে, যার অন্যথা হলে উক্ত আবেদন আইনানুযায়ী একতরফাভাবে শুনানি ও নিষ্পত্তি করা হবে।

আজ, ৩০ এপ্রিল, ২০২৬ নীচে এই আদালতের সিলমোহর দিয়ে আমি স্বাক্ষর করলাম।

আদেশানুসারে,

চিফ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার

সিটি সিভিল কোর্ট, কলকাতা



**ফর্ম নং: আইএনসি–২৫এ**

**রিজিওনাল ডিরেক্টর, মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স, ইস্টার্ন রিজিয়ন, কলকাতা, পশ্চিমবঙ্গ সমীপে**

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ও কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১৪ নং ধারা এবং কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–এর রুল নং ৪১ সম্পর্কিত বিষয়

~ এবং ~

সম্পর্কিত বিষয়: **মেসার্স কোনালি এজেন্সিস লিমিটেড,** রেজিস্টার্ড অফিস: ৯৪ বিবেকানন্দ নগর, অনন্ত ভবন, ফ্লোর নং ৩, রুম নং–৩০১, আন্দুল রোড, হাওড়া–৭১১১০৯, পশ্চিমবঙ্গ

.... আবেদনকারী

এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ২৬.০৫.২০২৬ তারিখে কোম্পানির রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় গৃহীত একটি বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আবেদনকারী কোম্পানি প্রাইভেট লিমিটেড কোম্পানিতে পরিবর্তনে আগ্রহী এবং এই বিষয়টি নিশ্চিত করার জন্য আবেদনকারী কোম্পানির তরফে উপরিলিখিত রুলসমূহ–সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১৪ নং ধারাধীনে কেন্দ্রীয় সরকার সমীপে একটি আর্জি পেশের প্রস্তাব আনা হয়েছে।

কোম্পানির প্রস্তাবিত উক্ত পরিবর্তনে/ স্ট্যাটাসে কারও স্বার্থ প্রভাবিত হওয়ার সম্ভাবনা থাকলে তিনি/ তাঁরা এই বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হওয়ার তারিখ থেকে চোদ্দ দিনের মধ্যে রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, কর্পোরেট ভবন, ৬ নং ফ্লোর, প্লট নং IIIএফ/১৬, এAIIIএফ, রাজারহাট, নিউ টাউন, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০১৩৫ ঠিকানাস্থিত অফিসে স্বার্থের ধরন ও বিরোধিতার কারণ উল্লেখ করে বক্তব্যের সমর্থনে হলফনামা সমেত লিখিতভাবে জানান বা রেজিস্টার্ড ডাকে পাঠান এবং এর একটি কপি অবশ্যই আবেদনকারী এই কোম্পানির নিম্নলিখিত রেজিস্টার্ড অফিসের ঠিকানাতেও জমা দিতে হবে:

আবেদনকারীর জন্য এবং তরফে

**কোনালি এজেন্সিস লিমিটেড**

স্বা/–

**ত্রিলোকী নাথ গুপ্ত**

ডিরেক্টর

তারিখ: ২৭.০৫.২০২৬

স্থান: কলকাতা

DIN: 07841047



**বিজ্ঞপ্তি**

**পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক, ভারত সরকারের বিজ্ঞপ্তি নম্বর এস.ও.১৫৩৩(ই) তারিখ ১৪.০৯.২০০৬ অনুসারে, এতদ্বারা বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **মেসার্স ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভেলপমেন্ট অ্যান্ড ট্রেডিং কর্পোরেশন লিমিটেড** কর্তৃক প্রস্তাবিত বালি খাদান প্রোজেক্টগুলির খননের জন্য জনশুনানি ০২.০৭.২০২৬ তারিখে পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলায় ধার্য করা হয়েছে। শুনানিগুলির নির্দিষ্ট তারিখ, সময় এবং স্থান নিম্নে বর্ণিত করা হল :

| বালি খাদানের নাম | শুনানির তারিখ ও সময় | জনশুনানির স্থান |
|---|---|---|
| **Patrasayer Sand Mine (MIN_BNK_108C)** জে.এল. নং–২৮ এবং ২৯, প্লট নং–৬২৮(পি) এবং ৭৬৬(পি), মৌজা ও গ্রাম–তাসুলি এবং ঘোড়াডাঙ্গা, ব্লক ও থানা–পাত্রসায়র, জেলা–বাঁকুড়া, পশ্চিমবঙ্গে দামোদর নদের ওপর ২১.০০ হেক্টর (৫১.৮৯ একর) জায়গা জুড়ে। | ০২.০৭.২০২৬ দুপুর ১২টা | পাত্রসায়র ব্লক অফিসের মিটিং হল, জেলা–বাঁকুড়া |
| **Patrasayer Sand Mine (MIN_BNK_108A)** জে.এল. নং–২৭ এবং ২৮, প্লট নং–১০৮(পি) এবং ৬২৮(পি), মৌজা ও গ্রাম–খানপাড়া এবং তাসুলি, ব্লক ও থানা–পাত্রসায়র, জেলা–বাঁকুড়া, পশ্চিমবঙ্গে দামোদর নদের ওপর ২২.১৬ হেক্টর (৫৪.৭৬ একর) জায়গা জুড়ে। | ০২.০৭.২০২৬ দুপুর ১২.৩০টা | |
| **MIN_BNK_108B Sand Mine** মৌজা–খানপাড়া, জে.এল. নং–২৭, প্লট নং–১০৮, মৌজা–তাসুলি, জে.এল. নং–২৮, প্লট নং–৬২৮, মৌজা–ঘোড়াডাঙ্গা, জে.এল. নং–২৯, প্লট নং–৭৬৬, ব্লক ও থানা–পাত্রসায়র, জেলা–বাঁকুড়া, পশ্চিমবঙ্গে দামোদর নদের ওপর ২১ হেক্টর (৫১.৮৯ একর) জায়গা জুড়ে। | ০২.০৭.২০২৬ দুপুর ১টা | |
| **Gharadanga Sand Mine (MIN_BNK_84E)** জে.এল. নং–২৯, প্লট নং–৭৬৬(পি), মৌজা–ঘড়াডাঙ্গা, গ্রাম–ঘড়াডাঙ্গা, ব্লক ও থানা–পাত্রসায়র, জেলা–বাঁকুড়া, পশ্চিমবঙ্গে দামোদর নদের ওপর ২২.০০ হেক্টর (৫৪.৩৬৩ একর) জায়গা জুড়ে। | ০২.০৭.২০২৬ দুপুর ১.৩০টা | |
| **Ghoradanga (MIN_BNK_84C) Sand Mine** মৌজা–ঘড়াডাঙ্গা, প্লট নং–৮৪৭(পি), ৯১৪(পি), ৭৩৮(পি), ৮৫২(পি), জে.এল. নং–২৯, ব্লক ও থানা–পাত্রসায়র, জেলা–বাঁকুড়া, পশ্চিমবঙ্গে দামোদর নদের ওপর ২২.০০ হেক্টর (৫৪.৩৬ একর) জায়গা জুড়ে। | ০২.০৭.২০২৬ দুপুর ২টা | |
| **MIN_BNK_109A Sand Mine** মৌজা–পাঁচপাড়া, জে.এল.নং–৬০, প্লট নং–১৫৯৫, এবং মৌজা–ঘোড়াডাঙ্গা, জে.এল. নং–২৯, প্লট নং–৭৪১, ৭৬৬, ৭৪৮/৮৮৯,, ব্লক ও থানা–পাত্রসায়র, জেলা–বাঁকুড়া, পশ্চিমবঙ্গে দামোদর নদের ওপর ৯.০২ হেক্টর (২২.২৯ একর) জায়গা জুড়ে। | ০২.০৭.২০২৬ দুপুর ২.৩০টা | |

কোনও ব্যক্তি বা ব্যক্তিবর্গের সমষ্টি যিনি বা যাঁরা প্রভাবিত হতে পারেন বা সংযুক্ত স্থানীয় কর্তৃপক্ষ, আলোচ্য প্রকল্পের এক্সিকিউটিভ সামারির কপি (ইংরেজি ও বাংলা) দেখতে পারেন এবং ইআইএ/ইএমপি রিপোর্টের ড্রাফ্ট বা খসড়া নিম্নলিখিত কার্যালয়গুলিতে পাওয়া যাবে (১) জেলাশাসক, জেলা–বাঁকুড়ার কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার (২) অতিরিক্ত জেলাশাসক (এলআর), বাঁকুড়ার কার্যালয় (৩) সাব–ডিভিশনাল অফিসারের কার্যালয়, বিষ্ণুপুর সাব–ডিভিশন, বাঁকুড়া (৪) ব্লক ডেভালপমেন্ট অফিসারের কার্যালয়, পাত্রসায়র ডেভেলপমেন্ট ব্লক (৫) জেনারেল ম্যানেজার, ডি.আই.সি., বাঁকুড়ার কার্যালয় (৬) সভাধিপতির কার্যালয়, বাঁকুড়া জেলা পরিষদ (৭) পাত্রসায়র পঞ্চায়েত সমিতির কার্যালয় (৮) নারায়ণপুর গ্রাম পঞ্চায়েতের কার্যালয়, বাঁকুড়া (৯) এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারের কার্যালয়, দুর্গাপুর আঞ্চলিক কার্যালয়, পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, শহীদ ক্ষুদিরাম সরণি, সিটি সেন্টার, দুর্গাপুর, পিন–৭১৩২১৬, জেলা–পশ্চিম বর্ধমান (১০) পরিবেশ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, প্রাণীসম্পদ ভবন, ৬ষ্ঠ তল, এলবি–২, সেক্টর–৩, বিধাননগর, কলকাতা–৭০০১০৬ (১১) পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রক, ইন্টিগ্রেটেড রিজিওনাল অফিস, কলকাতা, আইবি–১৯৮, সেক্টর–৩, সল্ট লেক সিটি, কলকাতা–৭০০১০৬ (১২) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ–এর সদর কার্যালয়, পরিবেশ ভবন, ১০এ, ব্লক–এলএ, সেক্টর–৩, বিধাননগর, কলকাতা–৭০০১০৬। এক্সিকিউটিভ সামারি, ড্রাফ্ট ইআইএ রিপোর্ট ও প্রকল্পের আবেদনপত্র পর্ষদের ওয়েবসাইট – **www.wbpcb.gov.in** –এ পাওয়া যাবে।

প্রস্তাবিত প্রকল্প বা কার্যাবলীর দরুন স্থানীয়ভাবে প্রভাবিত হতে পারেন এরূপ ব্যক্তি বা গোষ্ঠী ওপরে উল্লিখিত তারিখ, সময় এবং স্থানে অনুষ্ঠেয় জনশুনানিগুলিতে অংশ নিতে পারেন। জনশুনানির সময় আলোচ্য বিষয় সম্পর্কে পরামর্শ/আপত্তি মৌখিক অথবা লিখিতভাবে জানাতে পারেন। প্রকল্প অথবা কার্যাবলীর পরিবেশগত দিক থেকে প্রভাবিত হবার যুক্তিগ্রাহ্য কারণ আছে এরূপ অন্য সংশ্লিষ্ট ব্যক্তি লিখিত আকারে তাঁর পরামর্শ/আপত্তি জনশুনানির তারিখের পূর্বে চিফ ইঞ্জিনিয়ার (ইআইএম সেল), পরিবেশ ভবন, ১০এ, ব্লক–এলএ, সেক্টর–৩, বিধাননগর, কলকাতা–৭০০১০৬–এর কাছে জানাতে পারেন।

**সদস্য সচিব**

**পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ**



**বৈঙ্ক ऑफ़ बड़ौदा / Bank of Baroda**

**আরওএসএআরবি কেএমআর**

**৪, ব্র্যাবোর্ন রোড, কলকাতা–৭০০০০১**

**ই–মেল: SARKOL@bankofbaroda.bank.in**

**ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

অ্যানেক্সার 'এ'

**স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি;**

**পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের পরিপ্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে **ব্যাঙ্ক অফ বরোদা,** সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে'** এবং **'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই–নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

| ক্রম/ লট নং | ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর নাম ও ঠিকানা | জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ | মোট বকেয়া | ই–নিলামের তারিখ ও সময় | সংরক্ষণ মূল্য / ইএমডি অর্থাঙ্ক / বিড বাড়ানোর মূল্য | দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক) | সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | **মেসার্স মা গৌরী বাগদা হারভেস্ট সেন্টার** পানিচিয়ারি, গ্রাম– খড়িপুকুরিয়া, মারিশদা, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১৪৪৪ | **দোতলা বাড়ি সমেত সামান্য কমবেশি ৩০ ডেসিমেল স্বয়ংসম্পূর্ণ জমির অপরিহার্য সমগ্র পরিমাণের রেজিস্টার্ড সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা– খড়িপুকুরিয়া, জে এল নং ১৫৭, আর এস এবং এল আর দাগ নং ৬৪০, এল আর খতিয়ান নং ৪৯৭, পরবর্তীতে ৩০৫/১, বর্তমানে ১৩১৮, কুমিরদা ৩ নং গ্রাম পঞ্চায়েতের স্থানীয় এলাকাধীন, পানিচিয়ারি, থানা– মারিশদা, জেলা– পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, সম্পত্তির মালিকানা মিঃ মহাদেব জানা, পিতা– মনোরঞ্জন জানা–র নামে। সম্পত্তির চৌহদ্দি:** উত্তর– দাগ নং ৬৩৯; দক্ষিণ– দাগ নং ৬৫০ ও ৬৪৯; পূর্ব– একই দাগের জমি; পশ্চিম– নয়ানজুলি। | ₹১,৫৩,৬৬,৪৫৬/– + ০৭.১০.২০১৯ থেকে চূড়ান্ত পরিশোধের তারিখ পর্যন্ত অপ্রযুক্ত সুদ, মাশুল ও চার্জ | ১৯.০৬.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা | i. ₹১,৭২,৩৫,০০০/– ii. ₹১৭,২৩,৫০০/– iii. ₹১০,০০০/– | বাস্তবিক | যে কোনও কাজের দিনে কাজের সময়ে আগাম যোগাযোগের মাধ্যমে সম্পর্কিত আধিকারিক: মনু রঞ্জন মোবাইল: ৮২৭১০৬৯২২৫ |
| ২ | **মিঃ সুপ্রিয় দে প্রযত্নে– প্রয়াত রাসবিহারী দে** পার্ক প্লাজা, ৪ নং ফ্লোর, ৫৮/ডি, জে এন লাহিড়ী রোড, শ্রীরামপুর, হুগলি–৭১২২০১, পশ্চিমবঙ্গ | **নিম্নোক্ত জি+৪ (চার) তলা বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই জমিতে নির্মিত বিল্ডিংয়ের 'সি' ব্লকে ৪ নং ফ্লোরে উত্তর–পূর্ব দিক অভিমুখী মার্বেলের মেঝে দেওয়া সামান্য কমবেশি ১১০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট এবং বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে সামান্য কমবেশি ১৩৫ বর্গফুট মাপের একটি ওপেন কার পার্কিং স্পেসের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: কলকাতা মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ২৩৭, এন এস সি বোস রোড, পোঃঅঃ– নাকতলা, থানা– যাদবপুর (বর্তমানে নেতাজি নগর), ওয়ার্ড নং ১০০, বরো নং X, কলকাতা–৭০০০৪৭, জেলা– দক্ষিণ ২৪ পরগনা।** অ্যাপার্টমেন্টটি চারপাশে এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর– নেতাজি সুভাষচন্দ্র বোস রোড; পূর্ব– টলি হাইট কমপ্লেক্স; দক্ষিণ– টলি খাল মেট্রো রেলওয়ে; পশ্চিম– টোডি আবাসন প্রকল্প, ডি ঘোষের বাড়ি এবং ইউকো ব্যাঙ্ক। | **₹৪৫,৬২,৯৩৭/– + ১০.০৭.২০২৩ থেকে চূড়ান্ত পরিশোধের তারিখ পর্যন্ত অপ্রযুক্ত সুদ, মাশুল ও চার্জ** | ১৯.০৬.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা | i. ₹৩৫,০০,৬৫৮/– ii. ₹৩,৫০,৬৫৯/– iii. ₹১০,০০০/– | বাস্তবিক | যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে আগাম যোগাযোগের মাধ্যমে সম্পর্কিত আধিকারিক: সম্বিত কৃষ্ণ দেববর্মণ মোবাইল: ৯৮৩৬২৩৫১২০ |
| ৩ | **মিঃ পার্থসারথি গাঙ্গুলি** ঠিকানা: বি১–৯০/এ/১, নিউ বজবজ ট্রাঙ্ক রোড, ব্লক– ই–৫, ফ্ল্যাট নং ৩০২, ৩ নং ফ্লোর, ইডেন সিটি, মহেশতলা, কলকাতা–৭০০১৩৭, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ | **'ইডেন সিটি মহেশতলা' নামক জি+১৫ তলবিশিষ্ট বিল্ডিংয়ের টাওয়ার ই–৫ এর ৩ নং ফ্লোরে সামান্য কমবেশি ১৫২৪ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট অ্যাপার্টমেন্ট নং ৩০২–এর অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: ইডেন সিটি মহেশতলা, মিউনিসিপ্যাল হোল্ডিং নং বি–১–৯০/এ/১, নিউ বজবজ ট্রাঙ্ক রোড, ওয়ার্ড নং ৩১, পোঃঅঃ– সারেঙ্গাবাদ শাখা, মৌজা– সারেঙ্গাবাদ, মহেশতলা, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা–৭০০১৩৭, তৎসহ উক্ত বিল্ডিংয়ে একটি কার পার্কিং স্পেস। সম্পত্তির স্বত্বধারক মিঃ পার্থসারথি গাঙ্গুলি।** | ₹ ২৫,৯৩,৯৪১.৪২ (পঁচিশ লক্ষ তিরানব্বই হাজার নশো একচল্লিশ টাকা এবং বিয়াল্লিশ পয়সা মাত্র), ১০.০৪.২০২৪ অনুযায়ী | ১৯.০৬.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা | i. ₹২৭,৫৪,০০০/– ii. ₹২,৭৫,৪০০/– iii. ₹১০,০০০/– | বাস্তবিক | যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে সম্পর্কিত আধিকারিক: মনু রঞ্জন মোবাইল: ৮২৭১০৬৯২২৫ (আগাম যোগাযোগ করে নেবেন) |
| ৪ | **মিঃ সঞ্জীব সমাদ্দার** ঠিকানা নং ১: ২৮/এফ, বিধুভূষণ সেনগুপ্ত রোড, থানা– বেহালা, কলকাতা–৭০০০৩৪ ঠিকানা নং ২: ২৩৯, বিধুভূষণ সেনগুপ্ত রোড, থানা– বেহালা, কলকাতা–৭০০০৩৪ **মিঃ রণেন্দ্র নাথ কুণ্ডু** ঠিকানা: ৯২/২২, গার্ডেনরিচ রোড, কলকাতা–৭০০০৪৩ | **নিম্নোক্ত বিল্ডিংয়ের সম্পূর্ণ ফার্স্ট ফ্লোর জুড়ে সামান্য কমবেশি ১২০০ বর্গফুট মাপের একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাটের অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ২৩৯, বি বি সেনগুপ্ত রোড, জে এল নং ৫, তৌজি নং ৯, আর এস নং ১৮৮, পরগনা– মাগুরা, দাগ নং ২৪৫ ও ২৪৬, খতিয়ান নং ১২৬ ও ১৩৬, কেএমসি ওয়ার্ড নং ১২৮, থানা এবং এডিএসআরও– বেহালা, মৌজা– গঙ্গারামপুর। চৌহদ্দি (যে জমির ওপর বন্ধক রাখা এই সম্পত্তিটি অবস্থিত): উত্তর– প্রেমিসেস নং ৩০জি এবং ৩০২, বি বি সেনগুপ্ত রোড; দক্ষিণ– ১৬ ফুট চওড়া বি বি সেনগুপ্ত রোড; পূর্ব– ৩০ই, বি বি সেনগুপ্ত রোড; পশ্চিম– ৩০এইচ, বি বি সেনগুপ্ত রোড। সম্পত্তির স্বত্বধারক সঞ্জীব সমাদ্দার।** | **₹১৪,০২,৭০১.০০** + এনপিএ–র তারিখ থেকে সুদ ও অন্যান্য চার্জ | ১৯.০৬.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা | i. ₹২১,৩৮,৪০০/– ii. ₹২,১৩,৮৪০/– iii. ₹১০,০০০/– | বাস্তবিক | যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে (আগাম যোগাযোগ করে নেবেন) |
| ৫ | **ঊর্মি মাইতি ঠিকানা ১:** 'স্বপ্নমন্দির অ্যাপার্টমেন্ট', ফ্ল্যাট নং 'ই', চতুর্থ তল, ৫/৯/১, নৃপেন ঘোষ সরণি, পোঃঅঃ– হৃদয়পুর, থানা– বারাসত, উত্তর ২৪ পরগনা, পিন–৭০০১২৭ **ঠিকানা ২:** গ্রাম–বোদাই, পোঃঅঃ– বোদাই, থানা– আমডাঙা, জেলা– উত্তর ২৪ পরগনা, কলকাতা–৭০০১২৬ **সন্দীপ কুমার মাইতি** ঠিকানা ১: 'স্বপ্নমন্দির অ্যাপার্টমেন্ট', ফ্ল্যাট নং 'ই', চতুর্থ তল, ৫/৯/১, নৃপেন ঘোষ সরণি, পোঃঅঃ– হৃদয়পুর, থানা– বারাসত, উত্তর ২৪ পরগনা, পিন–৭০০১২৭ **ঠিকানা ২:** গ্রাম–বোদাই, পোঃঅঃ– বোদাই, থানা– আমডাঙা, জেলা– উত্তর ২৪ পরগনা, কলকাতা– ৭০০১২৬ | **'স্বপ্নমন্দির অ্যাপার্টমেন্ট' নামে পরিচিত জি+৩ তলবিশিষ্ট বিল্ডিংয়ের চতুর্থ তলে দক্ষিণ–পূর্ব কোণে সামান্য কমবেশি ৭৮৩ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়াযুক্ত মোজাইকের মেঝের তৈরি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট নং 'ই'–এর অপরিহার্য সমগ্র পরিমাণ, যাতে দুটি বেডরুম, একটি ডাইনিং রুম, একটি কিচেন, একটি টয়লেট, একটি ডবলুসি এবং একটি বারান্দা আছে, তৎসহ উক্ত বিল্ডিংয়ের কমন এরিয়া ও সুবিধাবলি ভোগদখলের সমানাধিকার সহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ যার স্থিতি ও বিবরণ: বারাসত পুরসভার পুরাতন ওয়ার্ড নং ৩০ নতুন ৩৫, হোল্ডিং নং ৫/৯/১, নৃপেন ঘোষ সরণি, পোঃঅঃ– হৃদয়পুর, থানা– বারাসত, জেলা– উত্তর ২৪ পরগনা, বাস্তু জমির পরিমাপ সামান্য কমবেশি ৬ কাঠা ৬ ছটাক ৫ বর্গফুট (আর এস দাগ নং ৩৩২, এল আর দাগ নং ৬৮৫ সংবলিত ৩ কাঠা ৮ ছটাক ৫ বর্গফুট), আর এস খতিয়ান নং ১৩২, এল আর খতিয়ান নং ১৭৬৮/১ এবং (আর এস দাগ নং ২৪৭ ও ২৪৮, এল আর দাগ নং ৬৯১ সংবলিত ২ কাঠা ১৪ ছটাক), আর এস খতিয়ান নং ১৩৪ ও ২২৩, এল আর খতিয়ান নং ৪৩৯, মৌজা– হরিহরপুর, জে এল নং ৪০, রে সা নং ১১৯, তৌজি নং ১৪৬, পরগনা– আনোয়ারপুর, থানা– বারাসত, এডিএসআর– বারাসত–এর অধিক্ষেত্রাধীন, বারাসত পুরসভার এলাকাধীন। সম্পত্তির যৌথ স্বত্বাধিকারী: মিসেস ঊর্মি মাইতি এবং মিঃ সন্দীপ কুমার মাইতি। চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– লিফট, সিঁড়ি এবং করিডোর; দক্ষিণ– ফাঁকা জায়গা; পূর্ব– চৌধুরি ভিলা; পশ্চিম– ফ্ল্যাট নং ডি। | ₹২৫,৬৯,৯৩৯/– + এনপিএর তারিখ থেকে সুদ এবং অন্যান্য চার্জ | ১৯.০৬.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা | i. ₹১৭,৮৮,৩০০/– ii. ₹১,৭৮,৮৩০/– iii. ₹১০,০০০/– | বাস্তবিক | যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে (আগাম যোগাযোগ করে নেবেন) |

**বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://www.bankofbaroda.bank.in/e-auction.htm এবং অনলাইন নিলাম পোর্টাল https://baanknet.com ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গেও এই ফোন নম্বরে যোগাযোগ করতে পারেন: ৮৩৩৫০০৫০৬৬।**

**তারিখ: ২৭.০৫.২০২৬**

**স্থান: কলকাতা**

**অনুমোদিত আধিকারিক**

**ব্যাঙ্ক অফ বরোদা**